# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 12-04-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) মুর্শিদাবাদে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কেন্দ্রীয় বাহিনী মোতায়নের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যে ওয়াকফ সংশোধনী আইন বলবত্ করা হবে না বলে সামাজিক মাধ্যমে আশ্বাস দিয়েছেন।

২) চাকরিতে পুনর্বহাল এবং যোগ্য ও অযোগ্যদের নির্ভুল তালিকা প্রকাশের দাবিতে কলকাতার মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে চাকরিহারাদের একাংশ ধর্ণায় বসেছেন।

৩) রোজভ্যালি চিটফান্ড কান্ডে প্রতারিতদের টাকা ফেরতের জন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রক ৫১৫ কোটি টাকার বেশি মূল্যের ডিম্যান্ড ড্রাফট, অ্যাসেট ডিসপোজাল কমিটির হাতে তুলে দিয়েছে।

৪) চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চৈত্র মাসের পূর্ণিমা তিথিতে রাজ্য জুড়ে আজ পালিত হচ্ছে হনুমান জয়ন্তী।

৫) মোহন বাগান সুপার জায়ান্ট আজ আইএসএল ফুটবলের ফাইনালে বেঙ্গালুরু এফসির মুখোমুখি হয়েছে।

---

মুর্শিদাবাদে গত কয়েকদিনের অশান্তির পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাজ্য প্রশাসনকে সহায়তার জন্য কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা যাবে বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর করা একটি আবেদনের ওপর জরুরী শুনানির জন্য গঠিত স্পেশাল ডিভিশন বেঞ্চ আজ এই নির্দেশ দিয়েছে। রাজ্যের বেশ কয়েকটি জায়গায় ওয়াকফ সংশোধনী আইনকে কেন্দ্র করে অশান্তির অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন শুভেন্দু বাবু। বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চে আজ এর শুনানি হয়। সওয়াল জবাব চলাকালীন রাজ্যের আইনজীবী অর্ক নাগ আদালতকে জানান যে, প্রশাসন নিজেরাই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সক্ষম। এডিজি পদমর্যাদার পুলিশ আধিকারিকরা দায়িত্বে রয়েছেন। পরে সাংবাদিকদের কাছে তিনি বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাজ্য সরকার সচেষ্ট রয়েছে।

বাইট

শুভেন্দু অধিকারীর পক্ষে আইনজীবী তরুণ জ্যোতি তিওয়ারি বলেন, রাজ্য পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ব্যর্থ।

বাইট

এদিকে, সওয়াল জবাব চলাকালীন ডিভিশন বেঞ্চ পর্যবেক্ষণে জানায়, যে ধরনের অভিযোগ আসছে, তাতে চোখ বন্ধ করে থাকা যায়না। প্রশাসন চাইলে অন্য জায়গাতেও কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা যেতে পারে।

----------------------------

আন্দোলনের নামে আইন হাতে তুলে নিয়ে জনজীবন বিঘ্নিতকারীদের বিরুদ্ধে প্রশাসন কঠোরতম ব্যবস্থা নেবে বলে রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার জানিয়েছেন। ভবানী ভবনে আজ এক সাংবাদিক বৈঠকে ওয়াকফ ইস্যুতে মুর্শিদাবাদ সহ রাজ্যের বিভিন্ন জায়গায় গোলমালের প্রসঙ্গ তুলে তিনি জানান, গণতান্ত্রিক পথে প্রতিবাদ আন্দোলনের অধিকার সকলের আছে। কিন্তু আন্দোলনের নামে দুষ্কৃতীরা পরিকল্পিতভাবে হিংসা ও গুজব ছড়াচ্ছে। আইন নিজের হাতে তুলে নেওয়া পুলিশ কোনভাবেই বরদাস্ত করবে না।

বাইট

যে কোনও অপ্রীতিকর ঘটনা ঘটলেই পদক্ষেপ নেওয়া হবে। পরিস্থিতি মোকাবিলায় তিনি সকলের সহায়তা চেয়েছেন।

এদিকে এডিজি আইন শৃঙ্খলা জাভেদ শামীম জানিয়েছেন, এ পর্যন্ত গোলমালের জন্য ১১৮ জনকে গ্রেফতার করা হয়েছে। ১৮ জন পুলিশ কর্মী আহত হয়েছেন। পুলিশের শীর্ষ কর্তাদের মুর্শিদাবাদে পাঠানো হয়েছে। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার মুর্শিদাবাদ পৌঁছেছেন বলে খবর।

-----------------------------

এদিকে মুর্শিদাবাদের পরিস্থিতি এখনো উত্তপ্ত। উন্মত্ত জনতা ধুলিয়ান পুরসভা এলাকায় ভাঙচুর শুরু করে। ব্যপক ভাংচুর করা হয় বেসরকারি হাসপাতাল, ব্যবসায়িক প্রতিষ্ঠান, উপাসনালয়েও। সামশেরগঞ্জে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন ব্লক সভাপতি কৌসর আলির বাড়িতেও জনতা ভাঙচুর করে বলে অভিযোগ। পরিস্থিতি সামাল দিতে গিয়ে আহত হয়েছেন মালদহের অতিরিক্ত পুলিশ সুপার মহম্মদ জামাল।

এদিকে গুলিতে আহত হন এক যুবক। তাঁর পায়ে গুলি লেগেছে বলে জানা গিয়েছে। আহত হয়েছে এক নাবালকও। তাদের জঙ্গিপুর হাসপাতালে পাঠানো হয়েছে। এলাকায় শান্তি ফিরিয়ে আনতে মোতায়েন হয়েছে বিশাল পুলিশ বাহিনী।

গতকাল সুতির সাজুর মোড়ে আন্দোলনকারী ও পুলিশের খন্ড যুদ্ধে গুলিবিদ্ধ যুবকের মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে মৃত্যু হয়েছে। অন্যদিকে, দুষ্কৃতীরা গতরাতে সামশেরগঞ্জের জাফরাবাদে বাড়ি বাড়ি ঢুকে হামলা চালালে বাবা ও ছেলের মৃত্যু হয়েছে। আজ বাড়ি থেকে রক্তাক্ত মৃতদেহ গুলি উদ্ধার করে পুলিশ। ঘটনার তদন্ত করছে পুলিশ।

-----------------------------

বিজেপি মুর্শিদাবাদের ঘটনায় কেন্দ্রের হস্তক্ষেপ দাবি করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অভিযোগ করেন, শামসেরগঞ্জ ও সুতির পরিস্থিতি ভয়ংকর। শাসকদলের বিধায়কের আত্মীয় প্রকাশ্যে গুলি চালালেও পুলিশ এই ঘটনায় নীরব। তিনি বলেন, ২৬ হাজার চাকরি বাতিল, নিয়োগ দুর্নীতি থেকে মানুষের নজর ঘোরাতে এবং সংখ্যালঘু ভোটব্যাঙ্ক সুরক্ষিত রাখতেই মুখ্যমন্ত্রী এই কাজ করাচ্ছেন।

বাইট

শ্রী মজুমদার বলেন, বিষয়টি নিয়ে তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে কথা বলেছেন।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অবিলম্বে উপদ্রুত এলাকায় সংবিধানের ৩৫৫ ধারা প্রয়োগের দাবি জানিয়েছেন। আইনশৃঙ্খলা পরিস্থিতি শোধরানোর কোনো সদিচ্ছা রাজ্য পুলিশের নেই বলে তিনি উল্লেখ করেন। পাশাপাশি মুর্শিদাবাদে রেল

স্টেশনে ভাঙচুরের একাধিক ঘটনায় এনআইএ তদন্তের দাবি জানিয়েছেন শুভেন্দু বাবু। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণোকে লেখা এক চিঠিতে তিনি এই ঘটনার তদন্ত এনআইয়ের কাছে হস্তান্তরের আর্জি জানিয়েছেন।

মুর্শিদাবাদে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য বিজেপিকেই দায়ী করেছেন তৃণমূলের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ।

বাইট

----------------------------

রাজ্যে ওয়াকফ সংশোধনী আইন বলবত্ করা হবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আশ্বাস দিয়েছেন। সকল ধর্মের মানুষকে সংযত থাকার আবেদন জানিয়েছেন তিনি। আজ এক্স হ্যান্ডেলে এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, কিছু মানুষ রাজনৈতিক স্বার্থে দাঙ্গার মাধ্যমে সমাজের ক্ষতি করছে। যে আইনের বিরুদ্ধে এই আন্দোলন তা রাজ্য সরকারের আইন নয় বলে মমতা ব্যানার্জী জানান। তিনি বলেন, রাজ্য সরকার এই আইনটিকে কোনোভাবেই সমর্থন করে না। দাঙ্গায় উষ্কানি দেওয়া সকলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি স্পষ্ট জানিয়েছেন। কোনোরকম প্ররোচোনায় পা না দেওয়ার আবেদন জানিয়েছেন তিনি।

----------------------------

সুতি, সামসেরগঞ্জ এবং জঙ্গীপুর মহকুমা জুড়ে পুলিশ প্রশাসনের উদাসীনতার কারণেই সমস্যা বেড়েছে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। শান্তি শৃঙ্খলা বজায় রাখার আবেদন করেছেন তিনি।

----------------------------

চাকরিতে পুনর্বহাল এবং যোগ্য ও অযোগ্যদের নির্ভুল তালিকা প্রকাশের দাবিতে কলকাতার মেয়ো রোডে গান্ধী মূর্তি পাদদেশে ধর্নায় বসেছেন চাকরিহারাদের একাংশ। **যোগ্য শিক্ষক ও শিক্ষাকর্মী অধিকার মঞ্চে**-র আহ্বায়ক মেহেবুব মন্ডল জানিয়েছেন, তাঁদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। মেয়ো রোডের অবস্থান মঞ্চ থেকেই পরবর্তী কর্মসূচি ঘোষণা করবেন তাঁরা।

অন্যদিকে, বিধাননগরের এস এস সি ভবনের সামনে চাকরিহারাদের আরেকটি অংশের অনশন কর্মসূচি আজ তৃতীয় দিনে পড়েছে। অনশনকারী চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাস অভিযোগ করেছেন, সরকার আন্দোলনকারীদের মধ্যে বিভাজন তৈরি করতে চাইছে।

কসবার ঘটনার প্রতিবাদে কংগ্রেস আজ কলকাতায় বিক্ষোভ কর্মসূচি পালন করে। দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে কসবা থানার সামনে এই কর্মসূচিতে অংশ নেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। তিনি বলেন, পুলিশের এই অমানবিক আচরণে রাজ্য সরকার, নীরব ভূমিকা পালন করছে।

শিক্ষকদের উপর পুলিশি লাঠিচার্জের প্রতিবাদে আজ হাওড়ায় বিগার্ডেন 'সেভ এডুকেশন' কমিটি রাস্তায় নামে। আচার্য জগদীশচন্দ্র বসু উদ্ভিদ উদ্যান থেকে আইআই-ই-এসটি পর্যন্ত প্রতিবাদ মিছিল সংগঠিত হয়।

এদিকে, কোচবিহারে চাকরিহারা শিক্ষকদের স্কুলে ফেরানোর দাবিতে আজ পথে নামে বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা। সুপ্রিম কোর্টের নিদেশে জেলার বিভিন্ন স্কুলে চাকরি হারিয়েছেন প্রায় ৫০০ জন শিক্ষক, ফলে পড়ুয়ারা ব্যাপক সমস্যায় পড়েছে।

---------------------------

রোজভ্যালি চিটফান্ড কান্ডে প্রতারিতদের টাকা ফেরতের জন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রক আজ এ সংক্রান্ত অ্যাসেট ডিসপোজাল কমিটি-এডিসি-র হাতে ৫১৫ কোটি টাকার বেশি মূল্যের ডিম্যান্ড ড্রাফট তুলে দিয়েছে। অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী, আজ এডিসি-র চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি ডি কে শেঠ-এর হাতে এই অর্থ তুলে দেন। ইডির অধিকর্তা রাহুল নবীন এবং আধিকারিকরা সেখানে উপস্থিত ছিলেন। প্রায় সাড়ে সাত লক্ষ ক্ষতিগ্রস্ত এর ফলে তাদের টাকা ফেরত পাবেন বলে মনে করা হচ্ছে।

এর আগে ইডি ২২ কোটি টাকা কমিটির হাতে তুলে দিয়েছিল।

---------------------------

চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চৈত্র মাসের পূর্ণিমা তিথিতে রাজ্য তথা দেশ জুড়ে আজ পালিত হচ্ছে হনুমান জয়ন্তী।

আজ সকাল থেকেই বর্ধমানে জেলায় মন্দিরগুলিতে নানান উপাচারে হনুমানজির অর্চনার আয়োজন করা হয়েছে। বহু জায়গায় তিন-চারদিন ব্যাপী ধর্মীয় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল থেকেই ভক্তরা ভিড় জমান মন্দিরগুলোতে।

মালদার ইংরেজবাজার শহরের দক্ষিণ বালুচর এলাকায় হনুমান মহাবীর মন্দিরে ৫৬ রকমের ভোগের আয়োজনের পাশাপাশি ১০১ কেজির তিনটে লাড্ডু দেওয়া হয় প্রসাদে।

জলপাইগুড়ি কদমতলার হনুমান মন্দিরে প্রতিবছরের মত এই বছরেও বিরাট আয়োজন হয়েছে। সকাল থেকে সারাদিন যাগযঞ্জ, মাইকে বাজছে রামভজন, হনুমান চালিশা পাঠ। প্রসাদ বিতরণ চলবে সন্ধ্যা পর্যন্ত। পূজায় সামিল হতে দূরদূরান্ত থেকে বহু মানুষ আসছেন।

পশ্চিম মেদিনীপুরের খড়্গপুর শহরে  ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে হনুমান জয়ন্তী পালিত হচ্ছে। সকাল থেকেই হনুমান মন্দিরগুলোতে ভক্তরা পূজা দেওয়ার জন্য ভিড় করেছেন। হনুমান জয়ন্তী উপলক্ষে মন্দিরগুলোতে 'হনুমান চালিসা, 'সুন্দরকাণ্ড এবং 'অখণ্ড রামায়ণ' পাঠ করা হচ্ছে।

হাওড়ার গ্রামীণ এলাকার বিভিন্ন মন্দিরে হনুমান চালিশা পাঠ করা হচ্ছে। শ্যামপুরে বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দলের পক্ষ থেকে একটি মিছিল'ও বের করা হবে।

----------------------------

বর্ধমানের কার্জন গেট চত্বরে হনুমান জয়ন্তীর ধ্বজা লাগানোকে কেন্দ্র করে আজ অশান্তি তৈরী হয়। আজ  দুপুরে ঘোষিত কর্মসূচি অনুযায়ী বিজেপির নেতা কর্মীরা যান-বাহন থামিয়ে গেরুয়া ধ্বজা লাগাচ্ছিলেন সেসময়  কর্তব্যরত সিভিক ভলান্টিয়ারদের সঙ্গে তাদের বচসা বাঁধে। অভিযোগ, বাসে লাগানো ধ্বজা খুলে দেয় এক সিভিক ভলান্টিয়ার। এরপর পুলিশের সঙ্গে বিজেপি কর্মীদের ধ্বস্তাধস্তি  শুরু হয়ে যায়।  এই ঘটনায় চারজন বিজেপি কর্মীকে আটক করে বর্ধমান থানার পুলিশ।

----------------------------

গ্রাম বাংলাজুড়ে শুরু হয়েছে শিবের গাজন বা সন্ন্যাস গ্রহণ। আজ থেকে হাজার হাজার মানুষ শিবের ব্রত শুরু করবেন। গ্রহণ করবেন সন্ন্যাস।কৃচ্ছসাধনের নানা উপাচার দেখা যায় সন্ন্যাসীদের মধ্যে। এরমধ্যে অন্যতম বান ফোঁড়া ও আগুন ঝাঁপ। গ্রামীন এই লোকায়ত উৎসব ঘিরে পুরাতন বছরকে বিদায় জানানো হয়। দক্ষিণ ২৪ পরগনায় এই উপলক্ষ্যে শিব মন্দিরগুলিতে ভীড় জমিয়েছেন বিপুল সংখ্যক ভক্ত।

----------------------------

প্রয়াত প্রাক্তন মন্ত্রী আব্দুর রেজ্জাক মোল্লার শেষকৃত্য আজ সম্পন্ন হয়েছে। প্রয়াত নেতার প্রতি শেষ শ্রদ্ধাজ্ঞাপনের জন্য দেহ বিধানসভাতে নিয়ে আসা হয়। মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, ফিরহাদ হাকিম প্রমুখ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় ছাড়াও অন্যান্য বিধায়করা সেখানে উপস্থিত ছিলেন।

-----------------------------

কলকাতা সহ উত্তর ও দক্ষিণবঙ্গের অনেক জেলাতেই আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানান, প্রায় সব জায়গাতেই বৃষ্টির সঙ্গে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া থাকবে।

-----------------------------

মোহনবাগান সুপার জায়ান্ট, আজ ISL ফুটবলের ফাইনালে ব্যাঙ্গালুরু এফসি-র মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা এখনও গোল শূন্য।

-----------------------------

কলকাতায় আজ আন্তরাজ্য দৃষ্টি প্রতিবন্ধীদের ক্রিকেট প্রতিযোগীতা শুরু হয়েছে। ৮টি রাজ্য অংশ এতে অংশ নিচ্ছে। উদ্বোধনী ম্যাচে বাংলা আজ ৩১৮ রানে উত্তর প্রদেশকে হারিয়ে দিয়েছে। অন্য ম্যাচ দিল্লি ৮ উইকেটে মধ্য প্রদেশকে, গোয়া একই ব্যাবধানে রাজস্থান কে, অসম- মহারাষ্ট্রকে ১০ উইকেটে পরাজিত করেছে। প্রতিগোগিতা চলবে সোমবার পর্যন্ত।

----------------------------- -----------------------------